

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯০০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৪. দ্বিতীয় অনুচ্ছেদ - সিজদা্ ও তার মর্যাদা

আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: كَانَ النَّبِيُّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ بَيْنَ السَّجْدَتَيْنِ: «اللَّهُمَّ الْقُهُمَّ اغْفِرْ لِي وَارْحَمْنِي وَاهْدِنِي وَعَافِنِي وَارْزُقْنِي» . رَوَاهُ أَبُو دَاؤُد وَالتِّرْمِذِيِّ اللَّهُ

বাংলা

৯০০-[১৪] ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু' সাজদার মধ্যে বলতেনঃ ''আল্লা-হুম্মাগফিরলী ওয়ারহামনী ওয়া 'আ-ফিনী ওয়াহদিনী ওয়ারযুক্কনী''- (অর্থাৎ- হে আল্লাহ! তুমি আমাকে মাফ কর। আমাকে রহম কর, হিদায়াত কর, আমাকে হিফাযাত কর। আমাকে রিযক্ক (রিজিক/রিযিক) দান কর)। (আবূ দাউদ ও তিরমিযী)[1]

ফুটনোট

[1] হাসান সহীহ : আবূ দাউদ ৮৫০, তিরমিয়ী ২৮৪।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (کَانَ النَّبِيُّ ﷺ کَانَ يَقُوْلُ بَيْنَ السَّجْدَتَيْنِ) নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু' সাজদার মাঝখানে বলতেন। ফরয ও নফল উভয় সালাতে (اَللَّهُمَّ اغْفِرْ لِيْ) আমার পাপ ক্ষমা করো অথবা আনুগত্যের স্বল্পতা, ক্রটি।

(وَارْحَمْنِيْ) আমার প্রতি রহম করো তোমার পক্ষ হতে আমার 'আমলের প্রতিদানে না অথবা আমার 'ইবাদাত গ্রহণ করার মাধ্যমে আমার প্রতি রহম কর। (وَارْحَمْنِيْ) আমাকে সৎ পথ দেখাও সৎ 'আমলের মাধ্যমে অথবা সত্যের উপর অটুট রাখো।

(وَعَافِنِيْ) আমাকে স্বস্তিতে রাখো দুনিয়া ও আখিরাতের সকল মুসীবাত হতে অথবা প্রকাশ্য অপ্রকাশ্য সকল প্রকার রোগ থেকে। (وَارْزُقْنِيْ) আমাকে উত্তম বিষয়ক দান কর অথবা তোমার আনুগত্যে তাওফীক দান কর আমাকে অথবা আখিরাতে আমাকে উচ্চ মর্যাদায় আসীন কর।



হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন